

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৪৯

পর্ব-৯: দু'আ (كتاب الدعوات)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

ٱلْفَصْلُ الثَّانِيْ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ثَلَاثَةٌ لَا تُرَدُّ دَعْوَتُهُمْ: الصَّائِمُ حِينَ يُفْطِرُ وَالْإِمَامُ الْعَادِلُ وَدَعْوَةُ الْمَظْلُومِ يَرْفَعُهَا اللَّهُ فَوْقَ الْغَمَامِ وَتُفْتَحُ لَهَا الصَّائِمُ حِينَ يُفْطِرُ وَالْإِمَامُ الْعَادِلُ وَدَعْوَةُ الْمَظْلُومِ يَرْفَعُهَا اللَّهُ فَوْقَ الْغَمَامِ وَتُفْتَحُ لَهَا أَبُوابُ السَّمَاءِ وَيَقُولُ الرَّبُّ: وَعِزَّتِي لَأَنْصُرُنَّكِ وَلَوْ بعد حِين . رَوَاهُ التِّرْمِذِيِّ

#### বাংলা

২২৪৯-[২৭] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তিন লোকের দু'আ ফিরিয়ে দেয়া হয় না। (১) সায়িমের (রোযাদারের) দু'আ- যখন সে ইফতার করে, (২) ন্যায়পরায়ণ শাসকের দু'আ এবং (৩) মাযলূমের বা অত্যাচারিতের দু'আ। অত্যাচারিতের দু'আকে আল্লাহ তা'আলা মেঘমালার উপর উঠিয়ে নেন এবং তার জন্য আকাশের দরজা খুলে দেয়া হয়। আর আল্লাহ তা'আলা বলেন, ''আমার ইজ্জতের কসম! নিশ্চয়ই আমি তোমায় সাহায্য করব কিছ সময় দেরি হলেও। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] য'ঈফ : তিরমিয়া ৩৫৯৮, আহমাদ ৮০৪৩, আদ্ দা'ওয়াতুল কাবীর ৬৫০, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৩৯৩, ইবনু হিব্বান ৮৭৪, য'ঈফ আত্ তারগীব ১৩১৬, য'ঈফ আল জামি' ২৫৯২। কিন্তু হাদীসের প্রথম অংশটুকু المسافر এর স্থলে الإمام العادل

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَدَعْوَةُ الْمَظْلُومِ) 'আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, মাযলূমের দু'আ আল্লাহ কবূল করে থাকেন যদিও সে পাপাচারী এমনকি কাফিরও হয়।

(عَيْنٌ) حِيْنٌ 'আরাবী শন্দটি যে কোন সময় বা ছয়মাস অথবা চল্লিশ বছরের জন্য ব্যবহার করা হয়ে



থাকে। এক কথায় আল্লাহ তা'আলা মাযলূমকে প্রতিশ্রুতি দিয়েছেন যে, তিনি যে কোন সময় তার আবেদন মঞ্জুর করবেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন